

2 0 1 8

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×৭=৭

(ক) “উঠানে ডুবিয়া মরি না জানি সাঁতার।  
জটে ধরি মাগু মোরে করিল উদ্ধার ॥”  
বক্তা কে?

(খ) “ফুল্লরা বেচয়ে খড়্গ দরে এক \_\_\_\_\_।”  
(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “মাসমধ্যে মাইশর আপনি ভগবান।”  
‘মাইশর’ শব্দে বাংলা মাসের কোনটিকে বোঝানো হয়েছে?

- (১) শ্রাবণ
- (২) আশ্বিন
- (৩) মাঘ
- (৪) অগ্রহায়ণ

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

- (ঘ) কালকেতুর মায়ের নাম লেখো ।
- (ঙ) কার ক্রোধদৃষ্টিতে ব্যাসদেবের ভুজস্তম্ভ কঠরোধ হয়েছিল ?
- (চ) “দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভূমে লুটি ।”  
‘ছাবাল’ শব্দের অর্থ লেখো ।
- (ছ) অন্নদা কার ছদ্মবেশ ধারণ করে ব্যাসদেবকে ছলনা করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আমার নগরে বৈস যত ইচ্ছা চাষ চষ  
তিন সন বহি দিও কর ।”  
কে, কাকে এ-কথা বলেছেন ?
- (খ) ভাঁড়ুদত্তের পিতা ও পিতামহের নাম লেখো ।
- (গ) “কি দোষ করিল তোর কাশীবাসীগণ ।  
কেন শাপ দিলি, অরে, বিট্টলা বামন ॥”  
কে, কাকে ‘বিট্টলা বামন’ বলেছেন ?
- (ঘ) “দেখ দেখ অহে নন্দি ব্যাসের দুর্দৈব ।  
ছিল গোঁড়া বৈষ্ণব হৈল গোঁড়া শৈব ॥”  
কে এই উক্তিটি করেছেন ? ‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্  
অংশে তিনি এই মন্তব্য করেছিলেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘চণ্ডীমঙ্গল’ কাব্য থেকে কালকেতুর ভোজন দৃশ্যটির বর্ণনা দাও ।
- (খ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের অন্তর্গত ‘পশুগণের ক্রন্দন’ অংশের ঘটনাবলীর বিবরণ দাও ।
- (গ) ভারতচন্দ্রের বর্ণনা অনুসরণে ব্যাসদেবের চেহারার বিবরণ দাও ।
- (ঘ) বসুন্ধরের মর্ত্যে জন্মগ্রহণের নেপথ্য বৃত্তান্তটি সংক্ষেপে লেখো ।
- (ঙ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের পঠিত অংশ অবলম্বনে দক্ষ-বৃত্তান্ত সংক্ষেপে লেখো ।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) কালকেতু-ফুল্লরার দাম্পত্যজীবনের যে ছবি ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে পাওয়া যায় তার বর্ণনা দাও ।
- (খ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে ফুল্লরার বারোমাসের দুঃখ কীভাবে বর্ণিত হয়েছে, লেখো ।
- (গ) তোমার পঠিত অংশ থেকে অন্তত তিনটি উদাহরণ দিয়ে মুকুন্দরামের হাস্যরস সৃষ্টিতে দক্ষতার পরিচয় দাও ।

খ—গুচ্ছ

- (ঘ) কাহিনি বিন্যাস, দৈবী মহিমা প্রকাশ এবং চরিত্ররূপ কল্পনায় ভারতচন্দ্রের কাব্য কীভাবে 'নূতন মঙ্গল' হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো।
- (ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যে শিব ও অন্নপূর্ণার সংসার যাপনচিত্র কীভাবে বর্ণিত হয়েছে তা বিশ্লেষণ করো।
- (চ) 'অন্নদামঙ্গল' কাব্যে দেবমাহাত্ম্য কীর্তনের মধ্যেও কীভাবে বাস্তব সমাজচিত্র রূপায়িত হয়েছে তা আলোচনা করে দেখাও।

\*\*\*